

শিক্ষা

শিক্ষা

গুণগত মানসম্পন্ন শিক্ষা প্রদান, বুদ্ধিবৃত্তিক প্রেষণার অনুশীলন এবং উন্নত চরিত্র গড়ে তোলার লক্ষ্যে দুটি কলেজ পরিচালনা করে থাকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ: ছেলেদের জন্য চট্টগ্রাম বন্দর কলেজ এবং মেয়েদের জন্য চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ। এছাড়া দুটি মাধ্যমিক বিদ্যালয়ও পরিচালনা করে থাকে তারা: একটি ছেলেদের জন্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয় এবং অন্যটি মেয়েদের জন্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বালিকা উচ্চ বিদ্যালয়।

পাশাপাশি, পাঁচটি প্রাথমিক বিদ্যালয়, পাঁচটি মজুব এবং দুটি বয়স্ক শিক্ষা কেন্দ্র পরিচালনা করে থাকে তারা। স্কুলগামী শিশু এবং কলেজগামী মেয়েদের জন্য সীমিত পর্যায়ে পরিবহন সুবিধাও প্রদান করা হয়।

উল্লেখ্য, মনোহরখালি আবাসিক এলাকায় বন্দর কর্মীদের সন্তানদের জন্য একটি দ্বিতল বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় নির্মিত হয়েছে ইতোমধ্যে।

মেরিন একাডেমি অবদান

বাংলাদেশ মেরিন একাডেমির বৃত্তি তহবিলে উদার অবদান রেখে থাকে চবক।

গণশিক্ষা কেন্দ্র

বন্দর মহিলা সংঘের সহযোগিতায় দুটি গণশিক্ষাকেন্দ্র পরিচালনা করে থাকে প্রশাসন, একটি পুরুষ এবং অন্যটি নারীদের জন্য।